পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
POWER GRID BANGLADESH PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪২৭.১৪.০৩৯.২৬.৭০৫ তারিখঃ ১৩/১০/২০২৬খ্রিঃ

''কালিয়াকৈর-ময়মনসিংহ (শম্ভুগঞ্জ) ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইন'' চালুর সতর্কীকরণ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেংথেনিং প্রজেক্ট (জিটুজি) প্রকল্পের আওতাধীন কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২ কেভি গ্রিড উপকেন্দ্র হতে নবনির্মিত শম্ভুগঞ্জ ৪০০/১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র পর্যন্ত ৯৬.৮৯১ কিঃমিঃ দীর্ঘ ''কালিয়াকৈর-ময়মনসিংহ (শম্ভুগঞ্জ) ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইন'' আগামীকাল ১৫ অক্টোবর ২০২৬ তারিখ, রোজ বৃহস্পতিবার, দুপুর ১২:০০ ঘটিকায় পরীক্ষামূলকভাবে চালু করা হবে। সঞ্চালন লাইনটি গাজীপুর জেলার কালিয়াকৈর ও শ্রীপুর উপজেলা, টাংগাইল জেলার মির্জাপুর ও সখিপুর উপজেলা এবং ময়মনসিংহ জেলার ভালুকা, ত্রিশাল, ময়মনসিংহ সদর, ঈশ্বরগঞ্জ ও গৌরীপুর উপজেলার উপর দিয়ে অতিক্রম করেছে। চালুর সময় হতে পরবর্তীতে লাইনটি বিদ্যুতায়িত থাকবে।

এমতাবস্থায় উক্ত নবনির্মিত সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহণ, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপণ প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য এবং সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দুর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মোঃ আলমগীর হোসেন
প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)
পাওয়ার গ্রিড নেটওয়ার্ক স্ট্রেংদেনিং প্রজেক্ট আন্ডার পিজিসিবি